



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019
2nd Term: Answer Work Sheet - 17



Class: 4

Subject: Bengali Text (গাছ কেটো না)

Date: 09/10/2020

১। 'গাছ কেটো না'-কবিতার ১ম ৮ লাইন মুখস্ত লেখ ।

গাছ কেটো না

নীরেন্দ্রনাথ চক্রবর্তী

কাল যে ছিল গাছের সারি

আজ পড়েছে কাটা,

রাস্তা দিয়ে তাইতো ভারি

শক্ত হল হাঁটা ।

রোদ্দুরে গা যাচ্ছে পুড়ে

এখন রাস্তাঘাটে,

বাইরে গেলেই ভরদুপুরে

মাথার চাঁদি ফাটে ।

২। দাম না নিয়ে গাছ আমাদের কী দেয় ?

উঃ দাম না নিয়ে গাছ থেকে আমরা অর্থাৎ এই প্রাণিজগৎ নানাভাবে অনেককিছু পেয়ে থাকি । গাছ আমাদের নানারকম শস্য দেয় যা আমরা খাদ্য হিসাবে গ্রহণ করে থাকি । ফলমূল আমরা গাছ থেকেই পাই । গাছের ফুল আমাদের আনন্দ ও সৌন্দর্য বৃদ্ধি ঘটায় । গাছ প্রকৃতির ভারসাম্য রক্ষা করে ।

৩। 'ধসতে দেয় না মৃত্তিকাকে'---কে কিভাবে ধসতে দেয় না লেখ ?

উঃ গাছ তার শেকড় দিয়ে মাটি থেকে জল শোষণ করে ।এই শেকড়গুলো জলের খোঁজে মাটির অনেকদূর পর্যন্ত ছড়িয়ে থাকে ।শেকড়গুলো মাটিকে আঁকড়ে থাকে বলে সেই মাটি বৃষ্টির জলে ধুয়ে যেতে পারে না ।সেই জন্য মাটির ক্ষয় রোধে বৃক্ষের একটি উল্লেখযোগ্য ভূমিকা থাকে ।মাটির ক্ষয় হলে প্রাণিজগতের নানা অসুবিধা হবে ।

৪।গাছ কাটলে কী কী অসুবিধা হয় লেখ ?

উঃ আমাদের বেঁচে থাকার জন্য যে খাদ্যের প্রয়োজন তা আমরা প্রত্যক্ষ ওপরোক্ষ ভাবে গাছের উপর নির্ভর করে থাকি ।গাছ আবহাওয়াকে ঠান্ডা রাখে ।গাছের অভাবে দেশ মরুভূমি হয়ে যাবে ।প্রাণিজগতের বেঁচে থাকার জন্য যে অক্সিজেনের প্রয়োজন তার জোগান দেয় গাছ ।সুতরাং গাছ কাটলে আমরা এইসব অসুবিধা হবে ।

Manashi Chaudhuri